[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted]

[redacted] [redacted] (№ [redacted]) [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

В [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted]

মেহেরপুরে রোগীদের মাঝে সমাজসেবার চেক বিতরণ

মেহেরপুরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস স্ট্রোক সহ বিভিন্ন রোগে আক্রান্ত ৩৪ জন রোগীর মাঝে ১৭ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (১৫ জুন) দুপুরের দিকে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় এই চেক বিতরণ করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি তার নিজ বাসভবনে এই চেক বিতরণ করেন।

মেহেরপুর সদর উপজেলায় ১৪ জনের মাঝে ৭ লক্ষ টাকা, গাংনী উপজেলায় ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকা ও মুজিবনগর উপজেলা ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, মেহেরপুর শহর সমাজসেবা পরিষদের সাবেক সভাপতি আমিনুল ইসলাম খোকন, জেলা রেজিস্ট্রেশন কর্মকর্তা আবুল মনসুর প্রমুখ উপস্থিত ছিলেন।

টানা নয়দিনের সরকারি সফরে জনপ্রশাসন মন্ত্রী মেহেরপুরে

টানা ৯ দিনের সরকারি সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

গতকাল শুক্রবার রাতে সড়ক পথে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন মেহেরপুরে এসে পৌঁছান।

৯ দিনের সফরে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন প্রতিদিন নিজ বাড়িতে নেতাকর্মীদের সাথে সাক্ষাৎকারের কর্মসূচি রয়েছে।

আগামী ২২ জুন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করার কথা।

গাংনী হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেনের বিরুদ্ধে দুদকের মামলা

জ্ঞাত আয় বর্হিভূত ১ কোটি ১০ লাখ ১৫ হাজার ৫৩৬ টাকা সম্পদ অর্জনের প্রাথমিক তথ্য পাওয়ায় গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রধান শিক্ষক (অধ্যক্ষ) আফজাল হোসেনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সহকারি পরিচালক নীল কমল পাল বাদি হয়ে গত বুধবার দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় মামলাটি দায়ের করেন।

দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সহকারি পরিচালক নীল কমল পাল জানান, প্রধান শিক্ষক আফজাল হোসেন দুদকের অনুসন্ধান দলের কাছে তার স্থাবর ও অস্থাবর সম্পদের যে বিবরণী দাখিল করেছেন তার সাথে বাস্তব সম্পদ অসামঞ্জস্যপূর্ণ। তিনি যে সম্পদের পাহাড় গড়েছেন তার দুদকের কাছে লুকিয়েছেন। দুর্নীতির মাধ্যমে সম্পদ অর্জন করে প্রধান শিক্ষক আফজাল হোসেন দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করেছেন। যে কারনে বিচারের লক্ষ্যে মামলাটি দায়ের করেছে দুদক।

দুদকের দায়ের করা মামলার অভিযোগের বিবরণীতে জানা গেছে, আফজাল হোসেন তার নিজের আয়ের টাকা দিয়ে ২০১০ সালে গাংনী পৌর এলাকার বাঁশবাড়ীয়া মৌজায় স্ত্রী সেলিনা আক্তারের নামে ৮.২৫ শতক জমি ক্রয় করেন। জমির দলিল মূল্য দেখানো হয় মাত্র ৪০ হাজার টাকা। ওই

জমিতে ২০১২ সালে তিনি নির্মান করেছেন একটি দৃষ্টিনন্দন দ্বিতল ভবন।

আফজাল হোসেন দুদকে যে আয়ের বিবরণী দিয়েছেন তাতে বাড়ি নির্মান ব্যয় দেখানো হয়েছে ২৭ লাখ ৬০ হাজার টাকা। পরে গণপূর্ত অধিদপ্তরের দুজন প্রতিনিধি আফজাল হোসনকে সাথে নিয়ে প্রকৃত নির্মান ব্যয় নির্ধারণ করেছেন ৬৪ লাখ ৩৩ হাজার ৭২৩ টাকা। অর্থাৎ বাড়ি নির্মান কাজের প্রকৃত ব্যয় তিনি গোপন করেছেন।

এদিকে সম্পদের বিবরণীতে আফজাল হোসেন তার নিজ নামীয় ব্যাংক একাউন্টে টাকা জমার তথ্য গোপন করেছেন। গাংনীর দুটি ব্যাংকে তার একাউন্টে পাওয়া গেছে ১ লাখ ৯২ টাকার স্থিতি।

আফজাল হোসেন ও তার ছোট মেয়ে সুজানা পারভীনের নামে মেহেরপুর প্রধান ডাকঘরে ২০ লাখ টাকার পারিবারিক সঞ্চয়পত্র রয়েছে। দুদুককে দেওয়া তথ্য বিবরণীতে এতথ্যও গোপন করেছেন তিনি।

আফজাল হোসেন স্থাবর ও অস্থাবর সম্পদের যে বিবরণী দাখিল করেছেন তাতে গোপন করা হয়েছে ৩৮ লাখ ৬৫ হাজার ৭৪৯ টাকা।

মামলার আর্জিতে সার্বিক পর্যালোচনায় বলা হয়েছে আফজাল হোসেনের মোট অর্জিত সম্পদের পরিমাণ ২ কোটি ৩ লাখ ৫৫ হাজার ৪৮০ টাকা। তার চাকুরির বেতন ভাতাদিসহ আর্থিক সুবিধা আয়, গৃহসম্পতি আয় ও কৃষি আয় রয়েছে। যার মাসিক আয় হিসেব করে জ্ঞাত আয় বর্হিভূত সম্পদের টাকার পরিমাণ দাঁড়ায় ১ কোটি ১০ লাখ ১৫ হাজার ৫৩৬ টাকা। এ সম্পদের বিষয়ে দুদকের অনুসন্ধান টিমের কাছে প্রধান শিক্ষক আফজাল হোসেন কোন প্রকার সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেননি। এ টাকার সম্পদ অর্জন করে তিনি দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করেছেন। যে কারনে বিচারের লক্ষ্যে মামলাটি দায়ের করেছে দুদক।

এদিকে গতকালই মামলাটি রেকর্ড করেছেন দুদক সমন্বিত কুষ্টিয়া জেলা কার্যালয়ের উপসহকারি পরিচালক সৈয়দ মাইদুল ইসলাম। দুদক আইনে মামলাটির বিচার কার্যক্রম গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একটি বিশ্বস্থ্য সূত্রে জানা গেছে, আফজাল হোসেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের প্রধান হিসেবে যোগদানের পরপরই শুরু করেন শিক্ষক কর্মচারী নিয়োগ বাণিজ্য।

সূত্রমতে, কলেজ শাখায় শিক্ষক নিয়োগ দিয়েছেন ২১ জন, কাম

কম্পিউটার অপারেটর ২ জন, হিসাব রক্ষক ১ জন, অফিস সহায়ক (পিয়ন) ৩ জন। বিদ্যালয়ের জেনারেল শাখায় বিকেল শিফটের জন্য ব্যাক ডেটে নিয়োগ দিয়েছেন ৭ জন, কোনো পদ না থাকলেও অতিরিক্ত অফিস সহায়ক পদে নিয়োগ দিয়েছেন ৫ জনকে। অফিস সহায়ক পদের একজন প্রার্থী সিয়াম হোসেনকে নিয়োগ দিয়ে বিদ্যালয়ে যোগদান করতে না দেওয়ায় সম্প্রতি গাংনী হাসপাতাল বাজারে প্রধান শিক্ষক আফজাল হোসেনকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। পর্যাপ্ত পরিমাণ শিক্ষার্থী না থাকলেও নিয়মবহির্ভূতভাবে শিফট খুলে নিয়োগ দেওয়া হয়েছে ১৫ জন শিক্ষক মাধ্যমিক পর্যায়ের সকাল শিফটের জন্য নিয়োগ দেওয়া হয়েছে ৩ জন শিক্ষক। ওই সুত্রটি জানায়, এসব শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নেওয়া হয়েছে মোটা অংকের ডোনেশন। যেখানে নতুন শিক্ষকদের জন্য ১৫ থেকে ১৮ লাখ এবং পুরাতন শিক্ষকদের নেওয়া হয়েছিল ৮ থেকে ১০ লাখ টাকা।

জানা গেছে, প্রধান শিক্ষক আফজাল হোসেন ইতোমধ্যে গাংনী উপজেলা পরিষদের পাশে একটি বাড়ি, বাঁশবাড়িয়াতে সোয়া ৮ শতক জমির উপর পৌণে এক কোটি টাকা খরচ করে একটি বাড়ি ও কুষ্টিয়া জেলা শহরের র্যাব ক্যাম্পের পেছনে প্রায় কোটি টাকা মূল্যের জমিসহ একটি একতলা বাড়ি কিনে দোতালায় পরিণত করেছেন। এছাড়া শহরের বিভিন্ন স্থানে রয়েছে একাধিক জমির প্লট ও মাঠান জমি।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে ভিজিএফের চাল বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদে দু:স্থ ও অতি দরিদ্রদের মাঝে ঈদুল আযহা উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভিজিএফের চাউল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ৮ টার সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ইউনিয়নের ১২ টি গ্রামের ২০০৫ টি পরিবারের মাঝে অতি দরিদ্রের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কার্যক্রম ভালনারেবল গ্রুপ ফিডিং (ভিজিএফ) কর্মসুচির আওতায় এই চাউল বিতরণ করা হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান এবং বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান বাবুল মল্লিক উপস্থিত থেকে চাউল বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা সেলিম রেজা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য সোহরাব উদ্দিন, রমজান আলী, ইউনিয়ন পরিষদের সচিব রশিদুল ইসলাম, পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর হাসানুজ্জামান খান সহ ইউনিয়ন পরিষদের কর্মরত গ্রাম পুলিশের সদস্যবৃন্দ।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে অনুষ্ঠিত শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে সিডিপি ম্যানেজার সূব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেইবারর্স শিশু পরিষদের সভাপতি রোকেয়া খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুডনেইবারর্স এর সিনিয়র কর্মকর্তা এস এম রিফাত আল মাহমুদ, সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠানে শিশুশ্রম ও বাল্যবিবাহের কুফল এবং প্রতিরোধের উপায় এবং শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের পদক্ষেপসমূহের উপরে অতিথিরা বিস্তারিত আলোচনা করেন। শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে উপজেলা ৭০ জন শিশু এবং ৩০ জন মা অংশগ্রহণ করে।

মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি, শংকায় কৃষকরা

মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির আওতায় মেহেরপুর ও চুয়াডাঙ্গা অঞ্চলের বিভিন্ন মাঠে গত এক মাস ১৩ দিনে ১৩ টি ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটেছে। ফলে ওই সব মাঠের শত শত বিঘা জমির সেচ কার্য নিয়ে শংকার মধ্যে দিন কাটাচ্ছেন কৃষকরা।

গাংনী উপজেলার রামনগর গ্রামের মাঠ একরাতে ৪টি বৈদ্যুতিক ট্রান্সফরমারের কয়েল চুরি হয়েছে। ফলে ওই মাঠের অর্ধশত বিঘা জমির সেচকাজ বন্ধ হয়ে গেছে।

গতকাল বুধবার (১২ জুন) দিবাগত রাতের কোন এক সময় এই ট্রান্সফরমারের কয়েল চুরির ঘটনা ঘটে।

জানা গেছে, রামনগর বাজারের পাশে শহিদুল ইসলামের ইটভাটায় বৈদ্যুতিক সংযোগের ৩টি এবং স্থানীয় কৃষক নান্নু হোসেনের পাম্পের ১টি ট্রান্সফরমার ওই পুলে ছিল। রাতের আধারে চোরেরা বৈদ্যুতিক পোল থেকে ট্রান্সফরমার খুলে ফেলে। ট্রান্সফরমারের কভার ভেঙ্গে ভেতরের কয়েল চুরি করে নিয়ে যায়।

এতে জামাল ইটভাটার যন্ত্রপাতি ও স্থানীয় মাঠের বৈদ্যুতিক সেচ পাম্পের সংযোগ বিছিন্ন হয়ে পড়েছে। এতে ওই মাঠের অর্ধশতাধিক বিঘা জমির সেচ কাজ বন্ধ হয়ে গেছে। এদিকে পল্লী বিদ্যুৎ সমিতির নিয়মানুযায়ী ট্রান্সফরমার চুরি হলে নতুন ট্রান্সফরমার স্থাপনের সব খরচ গ্রাহককে বহন করতে হবে। এতে চরম বিপাকে পড়েছেন সেচ পাম্প মালিকরা।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির বামন্দী জোনাল অফিসের সহকারি জেনারেল ম্যানেজার হানিফ রেজা জানান, চুরির ঘটনায় থানায় জিডি করা হচ্ছে।

এদিকে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম কারিগরী শ্যামল কুমার মল্লিক জানান, গত এক মাস ১৩ দিনে মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির আওতায় মেহেরপুর অঞ্চলে ৫ টি ও চুয়াডাঙ্গা অঞ্চলে ৮ টিসহ ১৩ টি ট্রান্সফরমার চুরি হয়েছে। এর মধ্যে মেহেরপুর জেলার গাংনী উপজেলার রামনগর মাঠে ৪ টি, সদর উপজেলার হরিরামপুর গ্রামের মাঠে ১টি, আলমডাঙ্গা উপজেলার পাক্কুলা মাঠে ২ টি, বলরাম মাঠে ২ টি, দামুড়হুদা উপজেলার চন্দ্রাবাস মাঠে ১ টি ও পিরপুরকুল্লাহ মাঠে ৩ টি ট্রান্সফার চুরি হয়েছে।

শ্যামল কুমার মল্লিক আরও জানান, পল্লী বিদ্যুতের মিটার চুরি ঠেকাতে সমিতির উদ্যোগে ইতোমধ্যে এলাকায় সচেতনতা সৃষ্টি করতে লিফলেট বিতরণ, মাইকিং, গ্রাহক মোটিভেশন সভা, স্থানীয় প্রশাসন অবহিত করাসহ নানা উদ্যোগ নেওয়া হয়েছে।

এ দিকে ট্রান্সফরমার চুরি হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট থানাগুলোতে মামলা হলেও এখন পর্যন্ত কোনো আসামি ধরা পড়েনি। এ দিকে ট্রান্সমিটার চুরির ফলে মাঠের সেচ কার্য নিয়ে দু:শ্চিন্তায় আছেন কৃষকরা।

মেয়র মাহফুজুর রহমান রিটনের উদ্যোগে খাদ্যশস্যের স্লিপ বিতরণ

মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনের উদ্যোগে ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচি আওতায় খাদ্যশস্যের স্লিপ বিতরণের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ডে এই খাদ্যশস্যের স্লিপ বিতরণ করা হয়।

এ সময় মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইটের মাধ্যমে ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচি আওতায় খাদ্যশস্যের

মেহেরপুর সীমান্তে বিএসএফ কতৃর্ক কৃষক নির্যাতন, পতাকা বৈঠকে দু:খ প্রকাশ

মেহেরপুরের গাংনী উপজেলার ভারতীয় সীমান্তরক্ষি (বিএসএফ) কতৃর্ক বাংলাদেশী কৃষক নির্যাতনের ঘটনায় ভারতীয় সীমান্তরক্ষি বাহিনী (বিএসএফ) এর দু:খ প্রকাশ। আগামীতে এ ধরনের অপ্রিতিকর ঘটনা ঘঠবেনা বলেও বিএসএফ’র পক্ষ থেকে জানানো হয়েছে।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) কুষ্টিয়া সেক্টরের অধিনায়ক লে. কর্ণেল মোর্শেদ এই তথ্য নিশ্চিত করেছেন। লে, কর্ণেল মোর্শেদ জানান, গাংনী উপজেলার কাজিপুর সীমান্তবর্তি মাঠে নিজ জমির মরিচ ক্ষেতে ঘাস কাটার পর বাংলাদেশী কৃষক আলমগীর হোসেন জমির আইলে বসেছিলেন। এসময় ভারতীয় বিএসএফ সদস্য তাকে লাঠি পেটা করে নির্যাতন করে। এঘটনায় ভারতীয় সীমান্তরক্ষি বাহিনী (বিএসএফ) কর্তৃক নির্যাতনের প্রতিবাদ জানিয়ে চিঠি দেওয়া হয়।

আজ বুধবার (১২জুন) সকাল সাড়ে ৯ টার দিকে আন্তজর্◌াাতিক সীমান্ত পিলার ১৪৬ ও ১৪৭ এর মাঝে নোম্যান্স ল্যান্ডে ভারতের ফুলবাড়িয়া বিএসএফ ক্যাম্প ও বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) কোম্পানী পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। পতাকা বৈঠকে কৃষক নির্যাতনের কড়া প্রতিবাদ জানালে বিএসএফের পক্ষ থেকে স্বীকার করে দু:খ প্রকাশ করেন। আগামীতে এ ধরণের ঘটনার পূনার্বৃতি হবেনা বলেও বিএসএফের পক্ষ থেকে জানানো হয়।

জানা গেছে, গতকাল মঙ্গলবার (১১ জুন) সকাল সাড়ে ১০ টার দিকে কাজিপুর গ্রামের ভারতীয় সীমান্তবর্তি মাঠে আন্তর্জাতিক মেইন পিলার ১৪৬ ও ১৪৭ এর মাঝে নিজ জমির মরিচ ক্ষেতে ঘাস কাটার পর জমির আইলে বসে রেস্ট নিচ্ছিলেন বাংলাদেশী কৃষক আলমগীর হোসেন (৩৬)। আলমগীর হোসেনের পাশেই রয়েছে ভারতের মুরুটিয়া থানার গান্ধিনাপুর

গ্রামের আবুল শাহ’র কলা বাগান। হঠাৎ কলা বাগানের ভিতর থেকে ভারতের ফুলবাড়ি বিএসএফ ক্যাম্পের দুই সদস্য এসে আলমগীর হোসেনকে লাঠি দিয়ে পিটিয়ে নির্যাতন করে। কৃষক আলমগীর হোসেন মারা গেছে ভেবে বিজিবি সদস্যরা পালিয়ে যায়। একই মাঠে কাজ করছিলেন কাজিপুর গ্রামের আরেক কৃষক আফাজুল ইসলাম। পরে আফাজুল ইসলাম অন্যান্য কৃষকদের সহায়তায় তাকে উদ্ধার করে নিয়ে আসেন।

কাজিপুর ইউনিয়ন পরিষদের সীমান্তবর্তি ওই ওয়ার্ডের মেম্বর আজগর আলী বলেন, সৌদি প্রবাস ফেরত আলমগীর হোসেন বিএসএফের নির্যাতনে মারাত্বক আহত হয়েছে। তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার শরীরের বিভিন্ন অংশে মারাত্বক ক্ষত হয়েছে।

এদিকে বিএসএফ কর্তৃক কৃষককে নির্যাতনের পর ওই মাঠে বাংলাদেশী কৃষকরা কাজ করতে যেতে ভয় পাচ্ছেন বলে জানান স্থানীয় কৃষকরা।

গাংনীতে ফেনসিডিল ফেলে পালিয়েও পার পেলেন না নারী মাদক কারবারী

ফেনসিডিলের চালান নিয়ে গাড়ির জন্য অপেক্ষা করছিলেন নারী মাদক কারবারী তানিয়া আক্তার (৩০)। খবর পেয়ে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করেন।

আটক তানিয়া আক্তার গাংনী উপজেলার হিন্দা গ্রামের বিপ্লব হোসেনের স্ত্রী।

আজ বুধবার (১২ জুন) দিবাগত রাত আনুমানিক ৮টার দিকে গাংনী-কাথুলী সড়কের নওয়াপাড়া বাজারের অদূর থেকে তাকে আটক করা হয়।

র্যাব-১২ এর সিপিসি মেহেরপুর ক্যাম্প কমান্ডার সিনিয়র সহকারি পুলিশ সুপার (এএসপি) মনিরুজ্জামানের নেতৃত্বে এই অভিযান পরিচালিত

হয়।

সিনিয়র এএসপি মনিরুজ্জামান জানান, সীমান্তবর্তি ধলা গ্রাম থেকে ফেনসিডিলের চালান নিয়ে পাচারের উদ্যোশে নওপাড়া বাজার নামক স্থানে অপেক্ষা করছে এমন সংবাদের ভিত্তিতে দাঁড়িয়ে থাকা তানিয়া আক্তারকে জিজ্ঞাসাবাদ করতেই সে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করেন। এসময় তাকে ধরে ফেলা হয়। তার কাছে থাকা ব্যাগের মধ্যে বিশেষভাবে মোড়ানো অবস্থায় ৪০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় ফেনসিডিলসহ তানিয়া আক্তারকে হস্তান্ত করা হয়েছে।